দৈনিক বাংলা

তারিখ 22/6/81
পৃষ্ঠা ... কলাম ...



# খুলনার চাল্লিশটিরও বেশী গ্রাম নিরক্ষরতা মুক্ত

(নিজস্ব প্রতিনিধি)

খুলনা, ২১শে জুন।—মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমান নিরক্ষতার বিরুদ্ধে বিপ্লবের যে ডাক দিয়েছিলেন তার পরিপ্রেক্ষিতে খুলনা জেলায় অগ্রগতি মোটামুটি সন্তোষজনক। জেলার চল্লিশটিরও বেশী গ্রাম এখন নিরক্ষরতা মুক্ত।'

গত পরশু বটিয়াঘাটায় ইউনিয়ন পরিষদ গ্রাম সরকার প্রধান, থানা পর্যায়ের কর্মচারী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের এক সমাবেশে খুলনার ডিসি জনাব নূরুল ইসলাম এ তথ্য জানান।